



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা লিগ্যাল এইড অফিসার-এর কার্যালয়,
বান্দরবান পার্বত্য জেলা।



স্মারক নং: জে:লি:এ:অ:/বান্দ/১৬-৫৬/২০১৭,

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ
১১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ।

“গরীবের মামলার ভার, বহন করে সরকার”
“বিরোধ হলে শুধু মামলা নয়, লিগ্যাল এইড অফিসে আপোষও হয়”

সম্মানিত সুধী,

‘সরকারি আইনি সেবার মানোন্নয়নে সহায়তা প্রদান’ প্রকল্পের আওতায় সরকারি আইনি সহায়তা কার্যক্রমের সাথে সম্পৃক্ত জনবলকে মামলার জট নিরসনে জেলা লিগ্যাল এইড অফিসে বিকল্প বিরোধ নিষ্পত্তি কার্যক্রমের মানোন্নয়ন বিষয়ক পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ আয়োজনের জন্য পরামর্শ প্রদান করা হইয়াছে। ফলে, নিম্নোক্ত তারিখ, সময় ও স্থানে একটি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হইয়াছে। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় জেলা লিগ্যাল এইড কমিটির মাননীয় চেয়ারম্যান এবং বিজ্ঞ জেলা ও দায়রা জজ জনাব লা মং সভাপতিত্ব করিবেন।

উক্ত প্রশিক্ষণ কর্মশালায় আপনার উপস্থিতি একান্তভাবে কামনা করিতেছি। উল্লেখ্য, অনুষ্ঠানে যোগদান উপলক্ষে আপনার সম্মানার্থে যাতায়াত ভাতা ও প্রশিক্ষণ সামগ্রী প্রদান সহ আপ্যায়নের সু-ব্যবস্থা থাকিবে।

তারিখ : ১৭ জুন, ২০১৭ খ্রি:।

সময় : শনিবার, দুপুর ৩:০০ হইতে বিকাল ৫:০০ ঘটিকা।

স্থান : জেলা আইনজীবী সমিতি মিলনায়তন, বান্দরবান পার্বত্য জেলা।

যোগাযোগ: জেলা লিগ্যাল এইড অফিসার-০১৭১৬-৮৭৩৪২২, অফিস সহকারী-০১৮২৪-৪৪০৩৪৪।

শুভেচ্ছান্তে

স্বাক্ষরিত/-

(নিশাত সুলতানা)

জেলা লিগ্যাল এইড অফিসার (ভারপ্রাপ্ত)

এবং

যুগ্ম জেলা ও দায়রা জজ

বান্দরবান পার্বত্য জেলা।